

১। সর্বমোট অর্জন। অক্টোবর ২০২৫ মাসে ৩,৮৫২টি অভিযান পরিচালনা করে সর্বমোট টাকা ২,১০৬ কোটি ৮০ লক্ষ ০৪ হাজার ৭১৫ মূল্যের অবৈধ বিভিন্ন প্রকার মালামাল আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।

২। চোরাচালান বিরোধী অভিযান। অক্টোবর ২০২৫ মাসে চোরাচালান অভিযানে মোট ৪,০৭,৩৯,৫৫০ টাকার বিভিন্ন প্রকার অবৈধ চোরাচালান পণ্য আটক করা হয় এবং আটককৃত পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজি বেইস মোংলা) কর্তৃক আটককৃত
অবৈধ চোরাচালান পণ্য



পূর্ব জোন (বিসিজি বেইস চট্টগ্রাম) কর্তৃক আটককৃত
অবৈধ চোরাচালান পণ্য



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন হাতিয়া) কর্তৃক আটককৃত
অবৈধ চোরাচালান পণ্য



ঢাকা জোন (বিসিজি স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত
অবৈধ চোরাচালান পণ্য

সীমিত

৩। **অস্ত্র উদ্ধার অভিযান।** অক্টোবর ২০২৫ মাসে অবৈধ অস্ত্র উদ্ধার অভিযানে ১৮টি আগ্নেয়াস্ত্র, ৬০ রাউন্ড তাজা গোলা, ১০ রাউন্ড ফাঁকা কার্তুজ, ০২টি ম্যাগাজিন, ১২টি দেশীয় ধারালো অস্ত্র, ১১টি সিঙ্গেল ব্যারেল এলজি বাট, ০৫টি ফায়ারআমস্ এলজি বাট, ০৫টি ফায়ারআমস্ এলজি হ্যান্ডেল, ০৫টি হাতুড়ি, ০১টি অস্ত্র তৈরীর সরঞ্জাম এবং ১৫ জন ডাকাতকে আটক করা হয়। আটককৃত ডাকাত ও অন্যান্য অস্ত্রাদি আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি স্টেশন কয়রা) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র



পূর্ব জোন (বিসিজি স্টেশন কল্লাবাজার) কর্তৃক আটককৃত অবৈধ অস্ত্র

৪। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযান।** অক্টোবর ২০২৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে ১,৫০,৩৯৬ পিস ইয়াবা, ০৪ কেজি ৫০৫ গ্রাম গাঁজা, ০১টি মোবাইল ফোন, ০১টি মোটরসাইকেল, ০১টি অটোরিকশা, নগদ অর্থ ৬,৮৫৫ টাকা এবং ১০ জন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃত মাদকদ্রব্য ও মাদক ব্যবসায়ীদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পূর্ব জোন (বিসিজি স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পশ্চিম জোন (বিসিজি বেইস ভোলা) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন রামগতি) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য



পূর্ব জোন (বিসিজি স্টেশন টেকনাফ) কর্তৃক আটককৃত অবৈধ মাদকদ্রব্য

৫। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান।** অক্টোবর ২০২৫ মাসে মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মোট ২০৯৫,০২,২৯,৬১৫ টাকা অর্থমূল্যের মালামাল তন্মধ্যে ৪০,৫৭,৬৭,৫৬০ মিটার কারেন্ট জাল, ১২,৫২৬ পিস বেহন্দি জাল, ৮,৯৯,৩৯,১০৪.৫ মিটার চরঘেরা/অন্যান্য জাল, ২৭,০৭১ কেজি ইলিশ/জাটকা, ১৩,৭৬০ কেজি জেলি পুশকৃত চিংড়ি, ১,৮০,০০,০০০ পিস চিংড়ি পোনা, ৫,৫৬৬ কেজি অন্যান্য মাছ এবং ১৪২টি বোট জব্দ করা হয়। জব্দকৃত বোট ও অন্যান্য পণ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



পশ্চিম জোন (বিসিজি স্টেশন কয়রা) কর্তৃক আটককৃত অবৈধ জাল



পূর্ব জোন (বিসিজি স্টেশন ইনানী) কর্তৃক আটককৃত অবৈধ জাল



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন ইলিশা) কর্তৃক আটককৃত অবৈধ জাল



ঢাকা জোন (বিসিজি স্টেশন পাগলা) কর্তৃক আটককৃত অবৈধ জাল

সীমিত

৬। বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযান।

অক্টোবর ২০২৫ মাসে বনজ ও পরিবেশ রক্ষা অভিযানে ১৫০ কেজি হরিণের মাংস, ১২টি হরিণের পা, ২০০ মিটার হরিণ ধরার ফাদ, ১,৫৬৩ কেজি পলিথিন এবং ০১ জন অপরাধীকে আটক করা হয়। আটককৃত মালামাল এবং অপরাধীদের আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন পটুয়াখালী) কর্তৃক আটককৃত অবৈধ পলিথিন

পশ্চিম জোন (বিসিজি স্টেশন কৈখালী) কর্তৃক আটককৃত হরিণের মাংস

৭। উদ্ধার অভিযান।

অক্টোবর ২০২৫ মাসে উপকূলীয় অঞ্চলে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক উদ্ধার অভিযান পরিচালনা করে ২০০ জন যাত্রী/জেলে/অপহৃত ব্যক্তিকে উদ্ধার করা হয়। উদ্ধারকৃত যাত্রী/জেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়।



দক্ষিণ জোন (বিসিজি স্টেশন রামগতি) কর্তৃক জিবীত উদ্ধার